

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

ইডেন মহিলা কলেজ, ঢাকা।

14/03/2024

১৪/১১/২০২৩ খ্রি.*

২০২২ সনের অনার্স ৩য় বর্ষ (পুরাতন সিলেবাস: ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ পর্যন্ত) অনিয়মিত, মানোন্নয়ন

পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র কলেজের সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক ১৪/০৩/২০২৪ তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী ২০২২ সনের অনার্স ৩য় বর্ষ (অনিয়মিত ও মানোন্নয়ন) পরীক্ষার ফরম পূরণের ফিসের হিসাব, ফরম পূরণ ও ডাটা এন্ট্রির সময় নিম্নরূপ:

অনলাইনে পরীক্ষার ফরম পূরণ ও জমা দানের শেষ তারিখ: ২৫/০৩/২০২৪ খ্রি.

বিভাগ কর্তৃক অনলাইনের ভেরিফাই ও বিবরণী জমা দানের শেষ তারিখ: ২৮/০৩/২০২৪ খ্রি.

১। অনিয়মিত (২০১৬-১৭ শিক্ষাবর্ষ) পরীক্ষার ফি: ১০৫৫/-+ পত্র সংখ্যা×২০০/-

২। মানোন্নয়ন (২০১৫-১৬ ও ২০১৬-১৭ শিক্ষাবর্ষ) পরীক্ষার ফি: ১২৫৫/-+পত্র সংখ্যা×২০০/-

৩। মানোন্নয়ন (২০০৯-১০ থেকে ২০১৪-১৫ শিক্ষাবর্ষ পর্যন্ত) পরীক্ষার ফি: ৬২৫৫/-+পত্র সংখ্যা×২০০/-

৪। প্রযোজ্য ক্ষেত্রে মাঠকর্ম ফি ১০০০/-, টার্ম পেপার ফি ১৫০/-, মৌখিক ফি ৭৫/-, ব্যবহারিক ফি প্রতিপত্র ১৩০/-+ পরবর্তী দিনের জন্য ৭৫/-, প্রজেক্ট ফি (বিভাগ কর্তৃক নির্ধারিত) স্ব স্ব বিভাগ নগদ আদায় করবে।

অনলাইনে আবেদন ফরম পূরণের নিয়ম (শিক্ষার্থীদের জন্য):

(ক) আবেদনকারীকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd) Form fill-up বাটন ক্লিক করে সাইন আপ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী (৭ কলেজের ওয়েবসাইটে প্রদত্ত ফরমপূরণের নির্দেশাবলী অনুযায়ী) নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রি প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক হলে অনলাইন থেকে একটি পূরণকৃত ফরম প্রিন্ট করে নিবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয়সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাদি উল্লেখ থাকবে। অনলাইনে ফরম পূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই সর্বোচ্চ ০৩ (তিন) বার সংশোধন করতে পারবে।

খ) শিক্ষার্থীদের প্রিন্টকৃত ফরমে কলেজ বিভাগীয় প্রধান স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ২৪/০৩/২০২৪ তারিখের মধ্যে শিক্ষার্থীর পূর্বের তথ্যসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে জানাতে পারবে।

পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলীঃ

২. ফরম পূরণের ফি জমা দেয়া:

প্রশাসনিক ভবনের হিসাব শাখায় নগদ প্রদান করতে হবে। ফি জমা দানের সময় পরীক্ষার ফরম সাথে নিয়ে আসতে হবে।

১৪.০৩.২৪

২। পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা:

এ সংক্রান্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিধি-বিধান এবং ১৪/০৩/২০২৪ তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তির শর্তাবলি প্রযোজ্য হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তাবলি ভালভাবে পড়ে সতর্কতার সাথে পরীক্ষার ফরম পূরণ করতে হবে। ফরম পূরণে কোন ভুলের কারণে জটিলতা হলে বা অতিরিক্ত ফি প্রদান করলে কলেজ কর্তৃপক্ষ কোন দায় গ্রহণ করবে না।

৩। বিভাগের করণীয়:

ক) ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি যাচাই করে এ পরীক্ষার ছাত্রীদের ফরম অধিকতর সতর্কতার সাথে ফরম জমা নিতে হবে।

খ) অনিয়মিত ছাত্রীদের ৩য় বর্ষে ভর্তি নিশ্চিত হতে হবে।

১৪.০৩.২০২৪
(অধ্যাপক ফেরদৌসী বেগম)

অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

কার্যার্থে:

- ১। উপাধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ২। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৩। প্রধান সহকারী, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৪। রেজিস্ট্রেশন শাখা, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৫। ক্যাশিয়ার, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৬। সংরক্ষণ নথি।